

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কেন্দ্রীয় তহবিল  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
www.centralfund.gov.bd

২০২০-২১ অর্থ বছরের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যপত্র

সভাপতি : মোঃ আমীর হোসেন  
মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার স্থান : মহাপরিচালকের দপ্তর (কক্ষ নং-২০১৩)


সভার তারিখ : ১৯ নভেম্বর, ২০২০ খ্রি.

সময় : সকাল ১১.৩০ টা

সভায় উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’

নং	বিষয় ও গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	কেন্দ্রীয় তহবিল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২১ পর্যালোচনা।	উপস্থিত সকল সদস্য কেন্দ্রীয় তহবিল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২১ পর্যালোচনা করেন। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো সম্পর্কে বিস্তারিত আলোচনার মাধ্যমে সকলকে অবগত করেন।
২	ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ সংক্রান্ত	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রম ৪ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে ওয়েবসাইটের বিভিন্ন সেবাবক্স সময়মতো হালনাগাদকরণের জন্য মহাপরিচালক মহোদয় জোর দেন।
৩	শ্রম বিধিমালা ২০১৫-এর বিধি ২১৫(৭) অনুযায়ী সুবিধাভোগীদের আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত	কেন্দ্রীয় তহবিলের মহাপরিচালক মহোদয় শ্রম বিধিমালা ২০১৫-এর বিধি ২১৫(৭) আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত কার্যক্রমের ক্ষেত্রে বিধি মোতাবেক পূর্বের থেকে দ্রুত আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে জোর দেন।
৪	কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন	আগামী ২০.০৯.২০২০ তারিখ থেকে কেন্দ্রীয় তহবিলের কর্মকর্তা ও কর্মচারীদের ১০ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। এবং ১৩.১০.২০ তারিখ থেকে কম্পিউটার অপারেটরদের কম্পিউটার লিটারেসি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়।
৫	উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ	কেন্দ্রীয় তহবিলের বিভিন্ন কার্যক্রম নিয়ে উত্তম চর্চার তালিকা প্রস্তুত করা।

৬	মালিকপক্ষ ও শ্রমিকপক্ষের প্রতিনিধিদের নিয়ে সভার আয়োজন	নৈতিকতা কমিটির ২য় সভার এ বিষয়ে আলোচনা করা যেতে পারে।
৭	১১.১ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) ১। আবেদন নির্দিষ্ট স্থানে সঠিকভাবে সংরক্ষণ। ২। স্বাস্থ্যবিধি অনুসরণ করে অফিস কার্যক্রম পরিচালনা করা।	সভায় আলোচনা করা যেতে পারে।

  
মোঃ আমীর হোসেন  
মহাপরিচালক  
কেন্দ্রীয় তহবিল